জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা

বিষয় ঃ জননিরাপত্তা বিভাগের জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জননিরাপত্তা বিভাগের জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি এবং পেনড্রাইভে সফটকপি আগামী ১৫ ফেব্রুয়ারি/২০২০ (Nikosh Unicode Font) তারিখের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় সরাসরি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে(০.৩)(তিন) পাতা।

৪/২/২০২০
(মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব ....................................................(সকল) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২। যুগ্মসচিব ........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৩। উপসচিব .........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৪। উপ-প্রধান (পরিকল্পনা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিনিঃ সহকারী সচিব/সিনিঃ সহকারী প্রধান.....................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৬। সহকারী সচিব......................... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।

স্মারক নং -৪৪.০০.০০০০.০২১.১৬.০০২.২০২০- ৭৬ তারিখ ঃ ০৪/০২/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

H:\Ministry letter of Co-ordination meeting.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

# জননিরাপত্তা বিভাগের জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোস্তাফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখ : ২৯ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

সময় : দুপুর ১২:০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত), অতিরিক্ত সচিব (উন্নয়ন), অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২.০ আলোচনা :

সভাপতি নবাগত যুগ্মসচিব জনাব জি এস এম জাফরউল্লাহ এবং সিনিয়র সহকারী সচিব জনাব কাইজার মোহাম্মদ ফারাবী কে এ বিভাগে স্বাগত জানান। সরকারের ভিশন ২০২১, ২০৩০ ও ২০৪১ এর লক্ষ্যে পৌঁছানোর জন্য জ্ঞান অর্জনের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া শাখা/অধিশাখাসমূহে কোন গুরুত্বপূর্ণ চিঠিপত্র পেন্ডিং আছে কিনা; তা সঠিকভাবে যাচাই করে উপস্থাপনপূর্বক নিষ্পত্তির জন্য বলেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রকল্প প্রনয়নের সময় খাতওয়ারী খরচ পরীক্ষা নিরিক্ষা করতে বলেন। মুজিববর্ষ ২০২০ উদ্‌যাপন যথাযথ ভাবে পালনে এ বিভাগের জন্য নির্ধারিত কর্মপরিকল্পনা প্রতিপালনে সচেষ্ট হতে বলেন। জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী/স্বরাষ্ট্র মন্ত্রীর প্রশ্নোত্তরসমূহ দ্রুততার সাথে নির্ভূলভাবে দেওয়ার জন্য সকল শাখা/অধিশাখা কর্মকর্তাদের বলেন।

৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ৩.১ প্রকল্প প্রস্তাবসমূহ যথাসময়ে যাচাই-বাছাই করে উপস্থাপন করতে হবে এবং যাচাই-বাছাই কমিটিতে উপস্থাপনযোগ্য প্রকল্প প্রস্তাবসমূহের তালিকা প্রস্তুত করে তা নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ |
| ৩.২ জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী/স্বরাষ্ট্র মন্ত্রীর প্রশ্নোত্তরসমূহ দ্রুততার সাথে নির্ভূলভাবে যথাসময়ের মধ্যে কাউন্সিল শাখায় প্রেরণ করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| ৩.৩ পরিদর্শন জোরদার করতে হবে। গুরুত্বপূর্ণ চিঠিপত্র পেন্ডিং আছে কিনা তা চিহ্নিত করে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| ৩.৪ বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকি উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির অন্তর্ভুক্ত বাস্তবায়নাধীন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | অনুবিভাগ (সকল) |

৪.০ **সভায় ডিসেম্বর/২০১৯ ও পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় :**

| | | | |
|---|---|---|---|
| ৪.১ | পরিদর্শন :<br>সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী ডিসেম্বর/২০১৯ মাসে ৩৭ টি শাখা পরিদর্শন করা হয়েছে। | সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী ২৪টি শাখা পরিদর্শন করা হচ্ছে। | অনুবিভাগ প্রধান (সকল)/শাখা/ অধিশাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ৪.২ | জননিরাপত্তা বিভাগের ৩৭টি শাখা/ অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী পাওয়া গেছে। নিষ্পত্তির তথ্য চিত্র উপস্থাপিত হয়েছে যা এ সাথে সংযুক্ত। | জননিরাপত্তা বিভাগের ৩৭টি শাখা/অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী পাওয়া গেছে। | অনুবিভাগ প্রধান (সকল)/শাখা/ অধিশাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ৪.৩ | জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৯-২০ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় বাস্তবায়ন করতে হবে। | ২০১৯-২০ অর্থ বছরে জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় ই-টেন্ডারিং-এর আওতায় সম্পন্ন করা হয়েছে। বর্তমান অর্থ বছরে ই-টেন্ডারিং কার্যক্রম এখনও শুরু করা হয়নি।<br>বিবেচ্য মাস: ডিসেম্বর/২০১৯; মোট টেন্ডারের সংখ্যা: ০০; ই-টেন্ডার এর সংখ্যা: ০০; ই-টেন্ডারের শতকরা হার: ০০ | প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন অধিশাখা-২ ও গণপূর্ত বিভাগ |
| ৪.৪ | GRS সম্পর্কিত অভিযোগসমূহ নিয়মিতভাবে নিষ্পত্তি করতে হবে। | মাসের নাম: ডিসেম্বর/ ২০১৯; বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা: ৫৪; বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা: ৫৪; মন্তব্য: | আইন অনুবিভাগ/ আইন অধিশাখা |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | কপি প্রেরণের অনুরোধ করা হয়েছে। নিকারের কপি সংগ্রহের জন্য বিজি প্রেসে যোগাযোগ করা হচ্ছে। | |
| | | ১৩ | রূপপুর পারমানবিক বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তার জন্য একটি ব্যাটালিয়ন গঠন | ৪১৫ | জননিরাপত্তা বিভাগ | ব্যাটালিয়ন গঠনের লক্ষ্যে পদসৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৯/১২/২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে। | |
| | | সীমান্ত-১ | | | | | |
| | | ১৪ | বিজিবি এর সাংগঠনিক কাঠামোতে পদ সৃজন | ৪২৮২ | প্রধানমন্ত্রীর কার্যলয় | গত ২৪/১২/২০১৯ তারিখে জিও জারি করা হয়েছে। | |
| | | সীমান্ত-৩ | | | | | |
| | | ১৫ | কোস্ট গার্ড ড্রাইভার (আউটসোসিং এর পরিবর্তে অস্থায়ীভাবে সৃজন) | ০১ | প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি | প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রমের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। | |
| | | ১৬ | ড্রোন অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে পদ সৃজন | ৪৮ | জননিরাপত্তা বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি প্রদান করেছে। বর্তমানে কার্যক্রমের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। | |
| | | ১৭ | ১২টি কোস্টাল ক্রাইসিস ম্যানেজমেন্ট সেন্টার অন্তর্ভূক্তির লক্ষ্যে | ৪৮ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০২/১১/১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণায়ে পত্র প্রেরণ করা হয়েছে। | |
| | | ১৮ | সদর দপ্তর সাপোর্ট ইউনিট এবং ৫টি বেইসের প্রতিটিতে ১টি করে ফায়ারট্রাক অগ্নিনির্বাপণী দলের জন্য | ৯৬ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৫/০২/২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণায়ে পত্র প্রেরণ করা হয়েছে। | |
| | | ১৯ | সাব-লেফটেন্যান্ট | ২০০ | জননিরাপত্তা বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় তথ্য চেয়েছে। কতিপয় তথ্যাদি কোস্ট গার্ড কর্তৃক প্রেরণের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। | |
| | | ২০ | এ্যাক্টিং-সাব লেফটেন্যান্ট | ২০০ | | | |
| | | ২১ | সিজি মিডশিপম্যান- | ১০০ | | | |
| | | ২২ | সিজি ক্যাডেট | ১০০ | | | |

৫.০ এ পর্যায়ে সভাপতি সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সকল কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।